**CLASS-X**

**BENGALI**

**PRACTICE QUESTIONS,2024-2025**

**SET – 5**

**1.অনুচ্ছেদ দুটি পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো।     [2×(1×4)]=8**

**A.** শীতের সকাল! হরিগোপালবাবু বাড়ির পিছন দিকের বারান্দায় মৌজ করিয়া বসিয়া রৌদ্র এবং সংবাদপত্র সেবন করিতেছেন। এ দিকটা সকালের দিকে অপেক্ষাকৃত নির্জন থাকে, তাই কাগজ পড়িতে এই দিকটিই পছন্দ করেন হরিগোপাল। পাশের আর একটি চেয়ারে পঠিত কাগজখানি আলগা ভাঁজে ছড়ানো।ছুটির দিনে ইংরাজী বাংলা দুইখানি কাগজই রাখেন হরিগোপাল, অন্যদিন কেবলমাত্র বাংলা। রাখেন, সেটা নেহাতই বাড়ির সৌষ্ঠব হিসাবে, নচেৎ সংসারের অন্যান্য সদস্যরা কাগজের ধার বড় ধারে না।সর্বার্থসাধক টি ভি-র দাপটে এখন রেডিও,খবরের কাগজ মূল্য হারাইয়াছে। কাগজটা আসে,পুত্র জয়গোপাল খেলাধুলার পাতায় একবার চোখ বুলাইয়া ছড়াইয়া ফেলিয়া যায়, জয়গোপাল-জননী কোনও একসময় (প্রধানত শিশি বোতলওয়ালার জন্য) তাহাদের কুড়াইয়া গোছ করিয়া ঘটনা ও দুর্ঘটনা এবং বাজারদরের কলমটা দেখিয়া লন। হরিগোপালের ভ্রাতৃবধূ চকিতে কখন কোন্ কোন্ চিত্রগৃহে কী কী-তে নজর বুলাইয়া যান, সেটা কাহারও নজরে পড়ে না।...ভাইঝি টুলি সপ্তাহে একদিন ছোটদের পাতাখানা ধরিয়া টান মারে। পড়ে না। সেদিনের কাগজখানা হারাইয়া যায়।একমাত্র হরিগোপালই নিষ্ঠাশীল সংবাদপত্রপ্রেমী। তা তাহার তো অফিসেই কাজ মেটে। শুধু এই ছুটির দিনেই বাড়িতে।হরিগোপাল সংবাদপত্রে নিমগ্ন হইয়াছিলেন, সহসা গৃহের অপরাংশ হইতে যেন একটি সমবেত কণ্ঠের তুমুল হর্ষধ্বনি কানে আসিল।ব্যাপারটা কী? হরিগোপাল কানটা একটু খাড়া করিলেন। নানা কণ্ঠ হইতে উত্থিত উল্লসিত প্রশ্নবাচক শব্দে অনুমান হইতেছে, হঠাৎ কোনও ভি আই পি অতিথির আবির্ভাব ঘটিয়াছে। ...কিন্তু কে? এমন কে হইতে পারে যাহার জন্য বাঘে গরুতে একঘাটে জল খায়? হরিগোপাল গৃহিণী ও হরিগোপালের কনিষ্ঠ দ্বিজগোপাল গৃহিণী, একই প্ল্যাটফর্মে দাঁড়াইয়া উল্লাস ধ্বনি করিতে পারে?উঠিয়া গিয়া দেখিবেন না কি?

**i)** পুত্র  জয়গোপাল কীভাবে সংবাদপত্র পড়ে?

**a)**  চকিতে কখন কোন্ কোন্ চিত্রগৃহে কী কী-তে নজর বুলিয়ে যায়।

**b)**  ঘটনা ও দুর্ঘটনা এবং বাজারদরের কলমটা দেখে নেয়।

**c)**  ছোটদের পাতা খানা ধরে টান মারে। পড়ে না।

**d)** খেলাধুলার পাতায় একবার চোখ বুলিয়ে ছড়িয়ে ফেলে যায়।

ii) মন্তব্য : এখন রেডিও ও খবরের কাগজ মূল্য হারিয়েছে।

কারণ ক): সর্বার্থসাধক টিভির দাপট

কারণ খ): সংসারের অন্যান্য সদস্যরা রেডিও ও কাগজের ধার বড় ধারে না।

কারণ দুটি ঠিক না ভুল চিহ্নিত করো:

a) কারণ ক) এবং কারণ খ) উভয়ই সঠিক

b) কারণ ক) এবং কারণ খ) উভয়ই ভুল

c) কারণ ক) ভুল হলেও কারণ খ) সঠিক

d) কারণ ক) সঠিক হলেও কারণ খ) ভুল

iii) 'নানা কণ্ঠ হইতে উত্থিত উল্লসিত প্রশ্নবাচক শব্দে অনুমান হইতেছে' -কী অনুমান হচ্ছে?

a) হঠাৎ কোনও ভি আই পি অতিথির আগমন ঘটেছে।

b) কনিষ্ঠ দ্বিজগোপাল গৃহিণী প্ল্যাটফর্মে দাঁড়িয়ে উল্লাস ধ্বনি করছেন।

c) ছুটির দিনে সকলে আনন্দে মেতে উঠেছেন।

d) বাঘে গরুতে একঘাটে জল খাচ্ছে।

iv) 'চিত্রগৃহ'—চিত্র প্রদর্শক গৃহ –সমাসের নাম--

a) দ্বন্দ্ব সমাস

b) অব্যয়ীভাব সমাস

c) মধ্যপদলোপী কর্মধারয় সমাস

d) উপমিত কর্মধারয় সমাস

B. আজ রানার মনে বড় আনন্দ–চিতোরের প্রধান শত্রু আলাউদ্দীনের সঙ্গে বন্ধুত্ব হল,আর কখনো চিতোরকে পাঠানের অত্যাচার সহ্য করতে হবে না।রানা যখন ভাবলেন, কাল সকালে পাঠান সৈন্য চিতোর ছেড়ে চলে

যাবে,যখন ভাবলেন চিতোরের সমস্ত প্রজা কাল থেকে নির্ভয়ে রানা-রানীর জয়-জয়কার দিয়ে,যে যার কাজে লাগবে,তখন তাঁর মন আনন্দে নৃত্য করতে লাগল।তিনি মহা উল্লাসে বাদশার পাশে-পাশে ঘোড়ায় চড়ে কেল্লার ফটক পার হলেন।তখন রাত্রি আরও অন্ধকার হয়েছে;পাহাড়ের গায়ে বড়-বড় নিমগাছ কালো-কালো দৈত্যের মতো রাস্তার দুই ধারে সারি বেঁধে দাঁড়িয়ে আছে।আর কোথাও কোনো শব্দ নেই,কেবল কেল্লার উপর থেকে এক-একবার প্রহরীদের হৈ-হৈ আর পাথরের রাস্তায় সেই বাইশটা ঘোড়ার খুরের খটাখট।আলাউদ্দীন ভীমসিংহকে নিয়ে কথায়-কথায় ক্রমে পাহাড়ের নিচে এলেন।সেখানে একদিকে জনারের খেত,আর-একদিকে আমবাগান, মাঝে মেঠো রাস্তা।এই রাস্তার দুইধারে প্রায় দুশো পাঠান আলাউদ্দীনের হুকুম মতো লুকিয়েছিল। ভীমসিংহ যেমন এইখানে এলেন অমনি হঠাৎ চারিদিক থেকে পাঠান-সৈন্য তাঁকে ঘিরে ফেলল;তারপর সেই অন্ধকার রাত্রে শত-শত শত্রুর মাঝে কুড়িজন মাত্র রাজপুত তাদের রানাকে উদ্ধার করবার জন্য প্রাণপণে যুঝতে লাগল।

**i)** এই কাহিনি-অংশের মূল কথা--

**a)** রানা ভীমসিংহের সঙ্গে আলাউদ্দীনের বিশ্বাসঘাতকতা

**b)** রানা ভীমসিংহের সঙ্গে আলাউদ্দীনের বন্ধুত্ব

**c)** রাজপুতদের বীরত্বের পরিচয়

**d)** চিতোরের স্বাধীনতা

**ii)**মন্তব্য: আলাউদ্দীন ভীমসিংহকে নিয়ে কথায়-কথায় ক্রমে পাহাড়ের নিচে এলেন।

কারণ – ক) : তিনি নির্জন প্রকৃতিকে অনুভব করতে চাইছিলেন।

কারণ – খ) : তিনি ভীমসিংহের সঙ্গে বন্ধুত্ব নিবিড় করতে চাইছিলেন।

সঠিক কারণটি চিহ্নিত করো।

**a)** কারণ (ক) ঠিক এবং কারণ (খ) ভুল
**b)** কারণ (ক) ভুল এবং কারণ (খ) ঠিক
**c)** দুটি কারণই ভুল

d) দুটি কারণই সঠিক

iii) পাহাড়ের গায়ে রাস্তার দুইধারে সারি দিয়ে দাঁড়িয়ে আছে--

a) বাইশটা ঘোড়া

b) দুশো পাঠান

c) বড় বড় নিমগাছ

d) বড় বড় আমগাছ

iv) উল্লাস—সন্ধি বিযুক্ত করলে হবে--

a) উল্+লাস

b) উন্+লাস

c) উদ্+লাস

d) উজ্+লাস

2. নিম্নলিখিত যেকোনো একটি বিষয় অবলম্বনে একটি অনুচ্ছেদ রচনা করো: 6

A. অরণ্যসৃজন ও বন্যপ্রাণী সংরক্ষণ

B. সাহিত্যপাঠের প্রয়োজনীয়তা

C. তোমার প্রিয় পোষ্য সম্পর্কে তোমার অভিজ্ঞতা

3. 'প্রদীপ' নামে একটি স্বেচ্ছাসেবী সংস্থা ঢাকুরিয়া অঞ্চলের দুঃস্থ বৃদ্ধ- বৃদ্ধাদের মধ্যে বিতরণ করল নিত্য প্রয়োজনীয় সামগ্রী এবং ওষুধপত্র। এমন সমাজ কল্যাণকর প্রয়াস আরো বৃহৎ আকারে হওয়া প্রয়োজন,সঙ্গে প্রয়োজন সরকারী নিয়ন্ত্রণও। এই বিষয়ে তোমার মতামত জানিয়ে একটি দৈনিক সংবাদপত্রের সম্পাদকের কাছে একটি পত্র প্রেরণ করো। 6

## NOTE

**You are supposed to complete the given questions within 35 minutes.**